

# সূর্য

প্রিন্ট: ২০ এপ্রিল ২০২৫, ১২:৫৯ পিএম

শিক্ষাজন

## শনিবার কুবির ভর্তি পরীক্ষা শুরু



কুবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ এপ্রিল ২০২৫, ১০:০৫ পিএম



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল শনিবার। বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত ‘এ’ ও ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্যে দিয়ে শুরু হবে এবারের ভর্তিযুদ্ধ।

ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এবার ‘এ’ ইউনিটের ভর্তির জন্য লড়বেন ৯৩ জন এবং ‘সি’ ইউনিটে লড়বেন ৪১ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী।

রেজিস্ট্রার দপ্তর সূত্রে জানা গেছে, পরীক্ষার জন্য ইতোমধ্যেই প্রস্তুত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ কুমিল্লা শহরের ৩০টি কেন্দ্র।

বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত সময়সূচি অনুযায়ী, আগামীকাল সকাল ১০টায় অনুষ্ঠিত হবে ‘সি’ ইউনিট (ব্যবসা শিক্ষা অনুষদ) এবং বিকাল ৩টায় ‘এ’ ইউনিটের (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) পরীক্ষা।

চলতি বছর ‘এ’ ইউনিটে ৩৫০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৩২ হাজার ৬৫৮ জন শিক্ষার্থী। প্রতিটি আসনের জন্য লড়বেন ৯৩ জন। ‘সি’ ইউনিটে ২৪০টি আসনের বিপরীতে আবেদন পড়েছে ৯ হাজার ৯৫২টি, ফলে আসনপ্রতি প্রতিযোগিতা হবে ৪১ জন শিক্ষার্থীর মধ্যে।

এছাড়া ‘বি’ ইউনিট (কলা, মানবিক, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ) পরীক্ষাটি অনুষ্ঠিত হবে আগামী ২৫ এপ্রিল বিকাল ৪টায়। এই ইউনিটে ৪৪০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ২৩ হাজার ৭৯২ জন, ফলে প্রতিটি আসনের জন্য লড়বেন ৫৪ জন শিক্ষার্থী।

ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মাদ সোলায়মান বলেন, ভর্তি পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন করতে নেওয়া হয়েছে সর্বাত্মক প্রস্তুতি। কেন্দ্রগুলোতে নিরাপত্তা নিশ্চিত মোতায়ন থাকবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত সদস্যরা।

চার বছর পর আবারও নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তি পরীক্ষা নিচ্ছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়, যা শিক্ষার্থীদের মাঝে নতুন প্রত্যাশা ও আগ্রহ তৈরি করেছে।